



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd

বামাশিবো/কারিকুলাম/এফ- ৪৭/২২১

তারিখ: ০৮/০২/২০১৭


বিষয় : গাইড ও নোট বইয়ে জঙ্গিবাদে উসকানি দেওয়া সংক্রান্ত সংবাদ প্রকাশ প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের অধিশাখা-১০ (মাধ্যমিক-১) ১১/০১/২০১৭ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৬.০০১.০৬-৪০ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড প্রণীত ও প্রকাশিত পাঠ্যপুস্তকে থাকা জিহাদ সংশ্লিষ্ট পাঠের আলোকে রচিত বিভিন্ন প্রকাশনা প্রতিষ্ঠানের গাইডবইতে এমনকি উদ্দীপক বা ব্যাখ্যা দেয়া হয়েছে যা থেকে কোমলমতি শিক্ষার্থীরা জঙ্গিবাদে উৎসাহিত হতে পারে মর্মে ২০/১২/২০১৬ তারিখে 'দৈনিক প্রথম আলো' পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়।

এমতাবস্থায় উক্ত গাইড ও নোট বইসমূহ শ্রেণি কক্ষে শিক্ষার্থীদেরকে পাঠদান ও মাদরাসায় সংরক্ষণ করা থেকে বিরত থাকার জন্য অনুমতি ও স্বীকৃতিপ্রাপ্ত সকল মাদরাসার সুপারিনটেনডেন্ট/অধ্যক্ষগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। পরবর্তীতে কোন মাদরাসায় উক্ত গাইড ও নোট বই শিক্ষার্থীদের মাঝে কিংবা প্রতিষ্ঠানে পাওয়া গেলে উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



(প্রফেসর মো: মাজিবুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

প্রাপক:

সুপারিনটেনডেন্ট/অধ্যক্ষ


অনুমতি ও স্বীকৃতিপ্রাপ্ত সকল মাদরাসা

বামাশিবো/কারিকুলাম/এফ- ৪৭/২২১/৭

তারিখ: ০৮/০২/২০১৭

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

- ১। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), ৬৯-৭০ বা/এ, মতিঝিল, ঢাকা
- ২। পরিচালক-১২, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব, মাদরাসা অনুবিভাগের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। মো: আমির উদ্দিন, প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
(এ প্রজ্ঞাপনটি মাদরাসা বোর্ডের ওয়েবসাইটে Scroll এ প্রদর্শনের অনুরোধসহ)
- ৬। অফিস কপি।



(মো: হোসেন)

প্রকাশনা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত)

ও

উপ-পরিদর্শক

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৫০১৬